

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১০৬০

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২০. শীতের রাতে জামা'আতে না যাওয়া সম্পর্কে।

### باب التَّخْلُفِ عَنِ الْجَمَاعَةِ، فِي اللَّيْلَةِ الْبَارِدَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ نَافِعٍ، أَنَّ ابْنَ عُمَرَ، نَزَلَ بِضَجْنَانَ فِي لَيْلَةٍ بَارِدَةٍ فَأَمَرَ الْمُنَادِيَ فَنَادَى أَنْ الصَّلَاةُ فِي الرِّحَالِ . قَالَ أَيُّوبُ وَحَدَّثَنَا نَافِعٌ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا كَانَتْ لَيْلَةٌ بَارِدَةً أَوْ مَطِيرَةً أَمَرَ الْمُنَادِيَ فَنَادَى الصَّلَاةُ فِي الرِّحَالِ .

বাংলা

১০৬০. মুহাম্মাদ ইবন উবায়দ (রহঃ) .... নাফে (রহঃ) থেকে বর্ণিত। ইবন উমার (রাঃ) একদা দাজনান্ নামক স্থানে (মক্কা ও মদীনার মধ্যবর্তী একটি জায়গা) শীতের রাতে অবতরণ করেন। ঐ সময় তিনি মুআযযিনকে স্ব-স্ব স্থানে নামায আদায়ের ঘোষণা দিতে বলেন।

রাবী আইয়ুব বলেন, নাফে (রহঃ) থেকে ইবন উমার (রাঃ) এর সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রচণ্ড শীত ও বৃষ্টির রাতে মুআযযিনকে স্ব-স্ব আবাসে নামায আদায়ের ঘোষণা দেয়ার নির্দেশ দিতেন।

## English

Nafi said:

Ibn 'Umar stayed at Dajnan (a place between Mecca and Medina) on a cold night. He commanded an announcer (to announce). He announced that the people should offer prayer in their dwellings. Ayyub said: Nafi narrated on the authority of Ibn 'Umar that whenever there was a cold or a rainy day night, the Messenger of Allah (ﷺ) commanded the announcer (to announce). He announced to offer prayer in the dwellings.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নাবি' (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23364>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন